গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

## প্রজ্ঞাপন

তারিখ: ১২ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/২৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ২৭-আইন/আয়কর/২০২০।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নাকিব-আল মাহবুব মেমোরিয়াল ট্রাস্ট, অতঃপর উক্ত ট্রাস্ট বলিয়া উল্লিখিত, এর নামে ব্যাংকে গচ্ছিত স্থায়ী ও সঞ্চয়ী আমানতের সুদ আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, ৫ (পাঁচ) বৎসরের জন্য, এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তসমূহ:**

(ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে কর অব্যাহতিপ্রাপ্ত আয় উক্ত ট্রাস্টের জনকল্যাণমূলক কাজে ব্যবহার করিতে হইবে; এবং

(খ) উক্ত ট্রাস্টকে উক্ত Ordinance এর section 75 অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com



Scanned with CamScanner